

কারিগরি শিক্ষার মাধ্যমেই জনসংখ্যাকে সম্পদে পরিণত করা সম্ভব

শিক্ষা প্রতিমন্ত্রী

বগুড়া থেকে নিজস্ব সংবাদদাতা :
শিক্ষা প্রতিমন্ত্রী আ.ন.ম এহসানুল হক
মিলন বলেছেন, দেশের জনসংখ্যাকে
প্রধান সমস্যা থেকে সম্পদে পরিণত
করার একমাত্র হাতিয়ার হলো কারিগরি
শিক্ষা। এজন্য বর্তমান সরকার শিক্ষিত
ও অর্ধশিক্ষিত বেকার যুবক-যুবতীদের
কারিগরি শিক্ষায় শিক্ষিত করার নানামুখী
উদ্যোগ নিয়েছে।

তিনি শনিবার সকালে বগুড়া নট্রামস
মিলনায়তনে কারিগরি ও বৃত্তিমূলক
শিক্ষার বর্তমান এবং ভবিষ্যৎ শীর্ষক
সেমিনারে প্রধান অতিথির বক্তৃতা
করেন।

শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল
আলমের সভাপতিত্বে সেমিনারে বিশেষ
অতিথি হিসেবে বক্তব্য রাখেন শিক্ষা
উপমন্ত্রী আবদুস সালাম পিকু, সাংসদ
হেলালুজ্জামান তালুকদার লালু ও কাজী
রফিকুল ইসলাম। সেমিনারে স্বাগত
ভাষণ দেন কারিগরি শিক্ষা বোর্ডের
মহাপরিচালক প্রফেসর আবুল বাশার।
মূল প্রবন্ধ উপস্থাপন করেন
যুক্তরাজ্যভিত্তিক মিলেনিয়াম অ্যাডভান্স
টেকনোলজি ট্রেনিংয়ের প্রধান নির্বাহী
মাসুদ আহমেদ।